রেজিস্টার্ড নং ডি এ-১

# বাংলাদেশ গেজেট

অতিরিক্ত সংখ্যা
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

**সোমবার, ফেব্রুয়ারি ১৬, ২০২৬**

**গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার**
**আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়**
**আইন ও বিচার বিভাগ**
**বিচার শাখা-৪**

**প্রজ্ঞাপন**

তারিখ : ০৩ ফাল্গুন, ১৪৩২ বঙ্গাব্দ/১৬ ফেব্রুয়ারি, ২০২৬ খ্রিষ্টাব্দ

**এস.আর.ও. নং ৫৫-আইন /২০২৬।**—আইনগত সহায়তা প্রদান আইন, ২০০০ (২০০০ সনের ৬ নং আইন) এর ধারা ২৪ এ প্রদত্ত ক্ষমতাবলে বাংলাদেশ আইনগত সহায়তা অধিদপ্তর, সরকারের পূর্বানুমোদনক্রমে, আইনগত সহায়তা প্রদান প্রবিধানমালা, ২০১৫ এর নিম্নরূপ সংশোধন করিল, যথা:—

উপরি-উক্ত প্রবিধানমালার—

(ক) প্রবিধান ২ এর উপ-প্রবিধান (১) এর দফা (১২) এর প্রান্তস্থিত দাড়ি চিহ্নের পরিবর্তে সেমিকোলন চিহ্ন প্রতিস্থাপিত হইবে এবং অতঃপর নিম্নরূপ নূতন দফা (১৩) সন্নিবেশিত হইবে, যথা:—

“(১৩) **“স্পেশাল মেডিয়েটর”** অর্থ আইনের ধারা ১৫ক এর অধীন নিযুক্ত স্পেশাল মেডিয়েটর।”;


**মূল্য :** টাকা ৪.০০

(খ) প্রবিধান ৬ এর পর নিম্নরূপ নূতন প্রবিধান ৬ক সন্নিবেশিত হইবে, যথা:—

"**৬ক। স্পেশাল মেডিয়েটর-এর ফি নির্ধারণ এবং পরিশোধ।**—(১) স্পেশাল মেডিয়েটর প্রতি কার্যদিবসে মধ্যস্থতা কার্যক্রমে অংশগ্রহণ করিলে সর্বোচ্চ ২,০০০/- (দুই হাজার) টাকা এবং প্রতিটি চূড়ান্ত মধ্যস্থতা চুক্তি সম্পাদনের ক্ষেত্রে সর্বোচ্চ ১,০০০/- (এক হাজার) টাকা প্রাপ্ত হইবেন।

(২) সংশ্লিষ্ট স্পেশাল মেডিয়েটর উপ-প্রবিধান (১) এর অধীন প্রাপ্য ফি সংক্রান্ত বিল অধিদপ্তর কর্তৃক নির্ধারিত ফরমে লিগ্যাল এইড অফিসে দাখিল করিবেন।

(৩) উপ-প্রবিধান (১) এর অধীন দাখিলকৃত বিল লিগ্যাল এইড অফিস যাচাইপূর্বক বিধি মোতাবেক পরিশোধ করিবে।"।

অধিদপ্তরের আদেশক্রমে

**লিয়াকত আলী মোল্লা**
সচিব।

মোহাম্মদ আবু ইউসুফ, উপপরিচালক (উপসচিব), বাংলাদেশ সরকারী মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা কর্তৃক মুদ্রিত।
মোঃ নজরুল ইসলাম, উপপরিচালক (উপসচিব), বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস, তেজগাঁও,
ঢাকা কর্তৃক প্রকাশিত। website: www.bgpress.gov.bd